

রাবির আমীর আলী হলে পচা বাসি খাবার শিক্ষার্থীদের বিক্ষোভ

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সৈয়দ আমীর আলী হলের ডাইনিং-ক্যাফিনে বাসি, পচা ও নিম্নমানের খাবার পরিবেশনের প্রতিবাদে বিক্ষোভ করছে হলের আবাসিক শিক্ষার্থীরা। গুজুব্বার দুপুরে দেড়-শতাধিক শিক্ষার্থী বিক্ষোভ মিছিল নিয়ে প্রাধ্যক্ষের কার্যালয় ঘেরাও করে রাখে। পরে আবাসিক শিক্ষকদের আধাসে শিক্ষার্থীরা শান্ত হয়। হল সূত্র জানায়, বেশ কিছুদিন যাবত হলের ডাইনিং-ক্যাফিনে দুপুরের জন্য রান্না করা খাবার রাতে শিক্ষার্থীদের পরিবেশন করা হচ্ছে। ওই বাসি খাবার খেয়ে অনেক শিক্ষার্থী অসুস্থ হয়েও পড়ছেন। বিক্ষোভ ডাইনিং-ক্যাফিনের কর্মচারীদের বারবার শিক্ষার্থীরা জানালেও তাতে কর্ণপাত করেন না তারা। এতে ক্ষিপ্ত হয়ে গুজুব্বার শিক্ষার্থী জড়ো হয়ে হলের অভ্যন্তরে বিক্ষোভ মিছিল বের করে। একপর্যায়ে ফুল শিক্ষার্থীরা হলের প্রাধ্যক্ষের বক্ষ ঘেরাও করে প্রতিবাদ জানায়। এ সময় আবাসিক শিক্ষক মোখলেছুর রহমান শিক্ষার্থীদের সমস্যা সমাধানে আশ্বস্ত করলে তারা ফিরে যায়। হলের বেশ কয়েকজন আবাসিক শিক্ষার্থী অভিযোগ করে বলেন, দুপুরের রান্না খাবার রাতে খাওয়ানো তো আছে। সঙ্গে বাজারের সবচেয়ে কম দামি নিম্নমানের আধা পচা সবজি, কট্টোলের গর্দযুক্ত চাউল, নেয়াদ উত্তীর্ণ সোয়াবিনের তেল খাবারে ব্যবহার করা হয়। শীতকালে বাজারে সবজির দাম কমলেও তা খাওয়ানো হয় না ছাত্রদের। হলের প্রাধ্যক্ষ ও আবাসিক শিক্ষকরা এসব ব্যাপারে কোনো খোঁজ-খবর রাখেন না, ফলে এমন সমস্যা হচ্ছে বলে জানায় তারা। গুজুব্বার হলের ডাইনিংয়ে গিয়ে দেখা যায়, ডাইনিংয়ের রান্নার বক্ষ ছড়িয়ে ছিটিয়ে থাকা অধিকাংশ সবজি আধা পচা, ওদানে বিনে রাখা আলুতে ছত্রাক ধরে গেছে, ইট-পাথরে ভরা পুরনো চাউলের মধ্যে অধিকাংশই কালো নিম্নমানের চাল।